গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রথম সরকারের নির্বাহী প্রশাসন

শপথ নেওয়ার পরের দিন ১৮ এপ্রিল মন্ত্রিপরিষদের প্রথম সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

১. মন্ত্রণালয় বন্টন

প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ

ক. প্রতিরক্ষা মন্ত্রণালয়

খ. তথ্য ও বেতার এবং টেলিযোগাযোগ মন্ত্রণালয়

গ. অর্থনৈতিক বিষয়, পরিকল্পনা ও উন্নয়ন মন্ত্রণালয়

ঘ. শিক্ষা, স্থানীয় সরকার, স্বাস্থ্য, শ্রম, সামাজিক উন্নয়ন মন্ত্রণালয়

ঙ. সংস্থাপন এবং প্রশাসন মন্ত্রণালয়

চ. অন্য সকল মন্ত্রণালয় যা কোনো মন্ত্রীকে বণ্টন করা হয় নি

পররাষ্ট্রমন্ত্রী খন্দকার মোশতাক আহমেদ

ক. পররাষ্ট্র মন্ত্রণালয়

খ. আইন ও সংসদ বিষয়াবলি

অর্থমন্ত্রী ক্যাপ্টেন এম. মনসুর আলী

ক. অর্থ ও রাজস্ব

খ. বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়

গ. যোগাযোগ মন্ত্রণালয়

স্বরাষ্ট্রমন্ত্রী এ.এইচ.এম. কামরুজ্জামান

ক. স্বরাষ্ট্র মন্ত্রণালয়

খ. সরবরাহ, ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রণালয়

গ. কৃষি মন্ত্রণালয়

২. প্রথম সরকারের সচিবালয় এবং সংশ্লিষ্ট সচিবগণ

ক্র. নং	সচিব	পদবী	অফিস
১.	মহাসচিব রুহুল কুদ্দুস, প্রাক্তন সিএসপি	মহাসচিব	
২.	সাধারণ প্রশাসন সচিব এম. নূরুল কাদের, সিএসপি (পাবনার ডিসি)	সাধারণ প্রশাসন সচিব	সংস্থাপন ও প্রশাসন
৩.	অর্থ সচিব খন্দকার আসাদুজ্জামান, সিএসপি	অর্থ সচিব	অর্থ ও বানিজ্য
৪.	মন্ত্রিপরিষদ সচিব এইচ. টি. ইমাম, সিএসপি	মন্ত্রিপরিষদ সচিব	পার্বত্য চট্টগ্রামের ডিসি
৫.	প্রতিরক্ষা সচিব এম. আব্দুস সামাদ, সিএসপি	প্রতিরক্ষা সচিব	সিলেটের ডিসি
৬.	পররাষ্ট্র সচিব মাহবুবুল আলম চাষী	পররাষ্ট্র সচিব	প্রাক্তন পি.এফ.এস
৭.	তথ্য সচিব আনোয়ারুল হক খান	তথ্য সচিব	
৮.	স্বরাষ্ট্র সচিব আব্দুল খালেক, পিএসপি	স্বরাষ্ট্র সচিব ও ডিজি পুলিশ	
৯.	স্বাস্থ্য সচিব ডা. টি, হোসেন	স্বাস্থ্য সচিব	
১০.	কৃষি সচিব নূরউদ্দীন আহমেদ	কৃষি সচিব ও প্রধান বন সংরক্ষক	
১১.	আইন সচিব আব্দুল হান্নান চৌধুরী	আইন সচিব	জেলা জজ, দিনাজপুর

৩. বিভিন্ন মন্ত্রণালয়ের উপসচিবগণঃ

ক. উপসচিব খসরুজ্জামান চৌধুরী (এস.ডি.ও. কিশোরগঞ্জ)
উপসচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

খ. উপসচিব এস. কে. চৌধুরী
উপসচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

গ. উপসচিব আকবর আলী খান
উপসচিব, প্রতিরক্ষা-মন্ত্রণালয়

ঘ. উপসচিব ওয়ালীউল ইসলাম
উপসচিব, সংস্থাপন

ঙ. উপসচিব কামালউদ্দীন আহমেদ
উপসচিব, সাধারণ প্রশাসন

চ. উপসচিব রফিক আহমদ খান
উপসচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

৪. মন্ত্রীপরিষদ সদস্যদের ব্যক্তিগত সচিবগণ

ক. সচিব কাজী লুৎফর হক
অস্থায়ী রাষ্ট্রপতির ব্যক্তিগত সচিব

খ. সচিব ড. ফারুক আজিজ খান
প্রধানমন্ত্রীর ব্যক্তিগত সচিব

গ. সচিব মেজর নূরুল ইসলাম শিশু
প্রধানমন্ত্রীর মিলিটারি-সচিব

ঘ. সচিব সাদত হোসাইন
অর্থমন্ত্রীর ব্যক্তিগত সচিব

ঙ. সচিব কামাল সিদ্দিকী
পররাষ্ট্রমন্ত্রীর ব্যক্তিগত সচিব

চ. সচিব বি. বি. বিশ্বাস ও মামুনুর রশিদ
স্বরাষ্ট্রমন্ত্রী ব্যক্তিগত সচিব

৫. মন্ত্রণালয় বহির্ভূত সংস্থাসমূহ

বাংলাদেশ সরকারের মন্ত্রণালয়গুলোর বাইরে যে বিভাগগুলো সংগঠিত হয়েছিল এবং যারা সরাসরি মন্ত্রিপরিষদের নিয়ন্ত্রণে থেকে কাজ করত, সেই সংস্থাগুলো নিম্নরূপঃ

পরিকল্পনা কমিশন

ক. চেয়ারম্যান, মোজাফফার আহমেদ চৌধুরী
খ. সদস্য, ড. খাঁন সরোয়ার মুর্শেদ
গ. সদস্য, ড. মুশারফ হোসেন
ঘ. সদস্য, ড. এস.আর. বোস
ঙ. সদস্য, ড. আনিসুজ্জামান

শিল্প ও বাণিজ্য বোর্ড

ক. বোর্ড প্রধান, এম. আর. সিদ্দিকী এম এন এ
খ. সদস্য, খন্দকার আসাদুজ্জামান
গ. সদস্য, সা'দত হোসাইন
ঘ. সদস্য, মতিউর রহমান এম এন এ

নিয়ন্ত্রণ বোর্ড, যুব ও অভ্যর্থনা শিবির

ক. চেয়ারম্যান, অধ্যাপক ইউসুফ আলী
খ. ইয়ুথ ক্যাম্প পরিচালক, এড. আর. মির্জা (আই-আই/কিউ)
গ. প্রশাসন পরিচালক, নুরুল ইসলাম
ঘ. উপ-পরিচালক, ফারুকী এম পি এ

ত্রাণ ও পুনর্বাসন কমিটি

ক. চেয়ারম্যান, এ. এইচ. এম. কামারুজ্জামান
খ. ত্রাণ কমিশনার, জনাব জে. জি. ভৌমিক
গ. উপসচিব, মামুনুর রশিদ, সি. এস. পি.

শরণার্থীকল্যাণ বোর্ড

ক. স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনস্থ

প্রকৌশলী বিভাগ

ক. প্রধান প্রকৌশলী, এমদাদ আলী

আইন ও সংসদ

ক. ও. এস. ডি., শিলাব্রত বড়ুয়া

বাংলাদেশ রেডক্রস

ক. প্রধান, ডা. আসহাবুল হক এম পি এ

৬. বিশেষ দায়িত্বে নিযুক্ত ব্যক্তিবর্গঃ

১. তথ্য ও বেতার মন্ত্রণালয়ঃ

ক. সচিব, আব্দুল মান্নান এমএনএ
খ. পরিচালক (ডিজাইন), কামরুল হাসান
গ. পরিচালক (তথ্য বিভাগ), এম. আর. আখতার মুকুল
ঘ. পরিচালক (চলচ্চিত্র বিভাগ), আবদুল জব্বার খান
ঙ. চিত্র প্রযোজক, সিরাজুল ইসলাম
চ. প্রধান হিসাব রক্ষক, অজিত কুমার

২. সাহায্য ও পুনর্বাসন
অধ্যপক ইউসুফ আলী এমএনএ

৩. ভলিন্টিয়ার কোর
ব্যারিস্টার এম আমীর-উল ইসলাম (এমএনএ)

৪. বাণিজ্য বিষয়ক
মতিউর রহমান এমএনএ

৫. বহির্বিশ্বে বিশেষ দূত
বিচারপতি আবু সাঈদ চৌধুরী

৬. বিশেষ দূত, ওয়াশিংটন ডিসি
রেহমান সোবহান

৭. পরিকল্পনা কমিশন প্রধান
ড. মোজাফফর আহমদ

৮. শিক্ষক সমিতি প্রধান
ড. এম. আর. মল্লিক

৭. প্রথম সরকারের প্রশাসনের কয়েকটি জোন ও তার চেয়ারম্যান

প্রথম সরকারের সমগ্র কর্মকাণ্ডে গতি সঞ্চার ও সমন্বয় সাধনের উদ্দেশ্যে গোটা প্রশাসনকে কয়েকটি জোনে ভাগ করা হয় এবং একজন চেয়ারম্যানের দায়িত্বে দেয়া হয়।

ক্রঃ নং	জোন	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
ক	সাউথ ইস্ট জোন - ১	অধ্যাপক নূরুল ইসলাম চৌধুরী এম এন এ
খ	সাউথ ইস্ট জোন - ২	জনাব জহুর আহমদ চৌধুরী, এম এন এ
গ	নর্থ ইস্ট জোন - ১	জনাব দেওয়ান ফরিদ গাজী এম এন এ
ঘ	ও নর্থ ইস্ট জোন - ২	জনাব শামসুর রহমান খান
ঙ	ইস্ট জোন	লেফটেন্যান্ট কর্নেল এম.এ. রব, এমএনএ
চ	নর্থ জোন	জনাব মতিউর রহমান
ছ	ওয়েস্ট জোন – ১	জনাব আজিজুর রহমান
জ	ওয়েস্ট জোন – ২	জনাব আশরাফুল ইসলাম এম এন এ
ঝ	সাউথ ওয়েস্ট জোন - ১	জনাব এম এ রৌফ চৌধুরী, এমপিএ
ঞ	সাউথ ওয়েস্ট জোন - ২	শ্রী ফণিভূষণ মজুমদার, এমপিএ
ট	সাউথ জোন	এম. এ. মোমেন

৮.বিদেশে বাংলাদেশ মিশনগুলোর প্রধান

১. কলকাতায় হোসেন আলী
২. দিল্লিতে হুমায়ুন রশীদ চৌধুরী
৩. ইউরোপে বিশেষ প্রতিনিধি বিচারপতি আবু সাঈদ চৌধুরী
৪. ওয়াশিংটনে এম আর সিদ্দিকী
৫. স্টকহোমে আবদুর রাজ্জাক

৯. বাংলাদেশ সরকার প্রেরিত কূটনৈতিক প্রতিনিধিদের মধ্যে উল্লেখযোগ্য কয়েকজন

ক্রঃ নং	দেশের নাম	কূটনৈতিক প্রতিনিধি
১	সিরিয়া	মোল্লা জালাল উদ্দীন এমএনএ
২	লেবানন	ড. মাহমুদ শাহ কোরেশী
৩	আফগানিস্তান	আবদুস সামাদ আজাদ, আশরাফ আলী চৌধুরী এমএনএ, মওলানা খায়রুল ইসলাম যশোরী ও এডভোকেট নূরুল কাদের
৪	নেপাল	আবদুল মালেক উকিল
৫	শ্রীলংকা, থাইল্যান্ড ও জাপান	সুবোধচন্দ্র মিত্র ও আবদুল মোমিন তালুকদার। এডভোকেট ফকির শাহাবুদ্দিনের নেতৃত্বে শামসুল হক ও জ্যোতিপাল মহাথেরো শ্রীলংকা, থাইল্যান্ড ও জাপান গমন করেন

যুদ্ধকালীন সময় ছিল বিধায় একেবারে গোড়া থেকেই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের প্রথম সরকার পরিচালিত হয়েছিল স্বল্পসংখ্যক মন্ত্রীর মাধ্যমে। ঠিক তেমনিভাবে, সচিবালয়ও পরিচালিত হয়েছিল স্বল্পসংখ্যক জনবল নিয়ে। প্রথম সরকারের সচিবালয়ে যুক্ত হওয়ার মতো অনেকেই অবরুদ্ধ বাংলাদেশে কিংবা দূর পাকিস্তানে আটকা পড়েছিলেন। আবার অনেকে যুদ্ধ করতে-করতেই প্রথম সরকারের অধীনে কাজে যোগ দিয়েছিলেন। সচিবালয়ের সব পদ পূরণ করার মতো জনবল কাঠামো হয়তো যুদ্ধচলাকালে হাতে ছিল না, তবু মুজিবনগর প্রশাসন পরিচালিত হয়েছিল একটি পূর্ণাঙ্গ সেক্রেটারিয়েট বা সচিবালয়ের মাধ্যমেই।

সাহায্য ও পুনর্বাসন, যুব শিবির, বিদেশের জন্য মুক্তিযুদ্ধ সম্পর্কিত প্রকাশনা প্রভৃতি বিভাগ একাত্তরের স্বাধীনতাযুদ্ধে সহায়ক শক্তি হিসেবে কাজ করেছে। অধ্যাপক ইউসুফ আলী এমএনএ, তাহেরউদ্দিন ঠাকুর এমএনএ প্রমুখ এসব বিভিন্ন বিভাগের দায়িত্বে নিযুক্ত ছিলেন।

যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের শুশ্রুষার জন্য স্থাপিত বাংলাদেশ নার্সিং প্রশিক্ষণ কেন্দ্রের আবাসিক পরিচালিকা ছিলেন বেগম সাজেদা চৌধুরী এমএনএ। কয়েকজন সদস্য নিয়ে এই কেন্দ্রের পরিচালনা বোর্ড গঠিত হয়েছিল। তাঁরা হলেন-

১. বেগম সাজেদা চৌধুরী
২. বেগম বদরুনেসা আহমেদ
৩. মমতাজ বেগম এবং
৪. রাফিয়া আখতার ডলি
৫. প্রমুখ

উল্ল্যখ্য, বেগম আইভি রহমান, বেগম জাহানারা হক, বেগম হাসিনা আহমদ প্রমুখ মুক্তিবাহিনী ও শরণার্থী শিবিরে সাহায্য সামগ্রী বিতরণে বিভিন্নভাবে সহযোগিতা করেছেন।

১০. বেসরকারি সংস্থা, দল, গোষ্ঠী, সমিতি, বাহিনী ইত্যাদি

মুক্তিযুদ্ধের সহায়ক সংগঠন হিসেবে নিম্নলিখিত বেসরকারি সংস্থা, দল, গোষ্ঠী, সমিতি, বাহিনী ইত্যাদি অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। নিম্নবর্ণিত সংগঠনগুলোর নাম থেকেই ধারণা পাওয়া যাবে তাদের ভূমিকা কী রকম ছিল।

১. যুব নিয়ন্ত্রণ পরিষদ ও প্রশিক্ষণ বোর্ড
২. বাংলাদেশ হাসপাতাল
৩. স্বাধীন বাংলা বেতার কেন্দ্র
৪. জয় বাংলা পত্রিকা।
৫. বাংলাদেশ বুলেটিন
৬. বহির্বিশ্বে মুক্তিযুদ্ধের সহযোগী সংগঠন
৭. বাংলাদেশ শিক্ষক সমিতি
৮. স্বাধীন বাংলা ফুটবল দল
৯. বঙ্গবন্ধু শিল্পীগোষ্ঠী
১০. বাংলাদেশ তরুণ শিল্পীগোষ্ঠী
১১. বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী ও কুশলী সমিতি
১২. বাংলাদেশ সংগ্রামী বুদ্ধিজীবী পরিষদ
১৩. নিউইয়র্ক বাংলাদেশ লীগ
১৪. বাংলাদেশ স্টুডেন্টস অ্যাকাশন কমিটি, লন্ডন
১৫. লিবারেশন কাউন্সিল অব ইন্টেলিজেন্টসিয়া
১৬. বাংলাদেশ ভলেন্টিয়ার্স কোর
১৭. বাংলাদেশ নার্সিং প্রশিক্ষণ কেন্দ্র